# ব্যবসায় উদ্যোগ

বিষয় কোড: | ১ | ৪ | ৩ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

## সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: মোট ১১টি প্রশ্ন থেকে ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১০। দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

১.▶ মুহিব বিশ্বাস করে যে অর্থনৈতিক কার্যকলাপের মধ্যে ব্যবসায় অন্যতম। তাই তিনি গার্মেন্টিস ব্যবসায় নিয়োজিত হন। যুগের সাথে তাল মিলিয়ে তিনি বিভিন্নমুখী পোশাক উৎপাদন করেন। দেশীয় চাহিদা পূরণের পর তিনি বিদেশে পোশাক রপ্তানি করতে গিয়ে আর্থিক সংকটে পড়েন। এমতাবস্থায় তিনি একটি আর্থিক প্রতিষ্ঠানের সাথে পরামর্শ করে সমস্যা সমাধান করেন।

ক. বাণিজ্য কী ১

খ. মানুষ অর্থনৈতিক কর্মকাণ্ডে নিয়োজিত হয় কেন? ২

গ. মি. মুহিবের মতো তুমি কীভাবে একটি বস্ত্র প্রতিষ্ঠান গড়ে তুলতে পার লিখ। ৩

ঘ. জনাব মুহিব ব্যবসায় স্থাপনের ফলে যেসব অর্থনৈতিক উদ্দেশ্য সাধিত হয়েছে তা বিশ্লেষণ করো। ৪

২.▶ জনাব রহমান একজন শিক্ষিত বেকার যুবক। তিনি চাকরির চেষ্টা করে ব্যর্থ হয়েছেন। অবশেষে ব্যবসা করার সিদ্ধান্ত নিলেন। ব্যাংক থেকে ঋণ নিয়ে ছোট পরিসরে ব্যবসা শুরু করলেন। প্রথম দিকে তার ব্যবসায় লোকসান ও পরিচালনাগত বিভিন্ন সমস্যা থাকলেও বর্তমানে তার ব্যবসায় লাভজনক অবস্থায় আছে।

ক. সফল উদ্যোক্তা কিসের মাধ্যমে সিদ্ধান্ত নেন? ১

খ. ঝুঁকি বিষয়টি ব্যাখ্যা করো। ২

গ. রহমান সাহেবের মতো নতুন উদ্যোক্তা ব্যবসায় পরিচালনা করতে গিয়ে সাধারণত কী কী সমস্যার সম্মুখীন হন? ৩

ঘ. ব্যবসায়টি লাভজনক করতে গিয়ে কী কী পদক্ষেপ গ্রহণ করা উচিত? ব্যাখ্যা করো। ৪

৩.▶ কর্মীর দক্ষতা ও যোগ্যতা বৃদ্ধির মাধ্যমে সুষ্ঠুভাবে ব্যবসায় প্রতিষ্ঠানের কার্যনির্বাহের জন্য প্রশিক্ষণের প্রয়োজনীয়তা অপরিসীম। প্রশিক্ষণ হলো সর্বস্তরের কর্মীদের অবিরাম ও নিয়মিত প্রচেষ্টা। নতুন এবং পুরনো সব উদ্যোক্তা এবং কর্মীকে উপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে তুলতে হবে।

ক. প্রশিক্ষণ কী? ১

খ. মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের কার্যক্রম ব্যাখ্যা করো। ২

গ. 'প্রশিক্ষণ হলো সর্বস্তরের কর্মীর জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি এবং মানসিকতা বিকাশের অবিরাম ও নিয়মিত প্রচেষ্টা'- ব্যাখ্যা করো। ৩

ঘ. 'প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নতুন ও পুরনো সব উদ্যোক্তা এবং কর্মীদের জন্য অপরিহার্য'- বিশ্লেষণ করো। ৪

TeachingBD.com

৪.▶ উপেন স্বল্প পুঁজি নিয়ে তার এলাকাতেই একটা মনিহারি দোকান দেন। দোকানে বিক্রি বৃদ্ধি পাওয়ায় তার একার পক্ষে কাজ করা সম্ভব হয়ে উঠেছে না। তাই তিনি একজন বেতনভুক্ত কর্মচারী নিয়োগ দেন। তিনি তার দোকানের মুনাফার অর্ধেক টাকা ব্যবসায়ে মূলধন হিসাবে বিনিয়োগ করেন।

ক. ব্যবসায় সংগঠন কত প্রকার? ১

খ. অসীম দায় অংশীদারি ব্যবসায় কী? ২

গ. উপেনের ব্যবসায়টি কোন ধরনের? জনাব উপেনের অর্ধেক মুনাফা মূলধন হিসেবে বিনিয়োগ করাকে কী বলে? এবং এর সুবিধা কী? ৩

ঘ. 'ব্যবসায় সংগঠনের ধরন বিবেচনায় জনাব উপেনের ব্যবসায়টি জনপ্রিয়' উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৫.▶ জনাব আলফাজ সমুদ্র পথে বিদেশ থেকে পণ্য আমাদিন করে দেশে ব্যবসায় করেন। সমুদ্রে আর্থিক ক্ষতির কথা চিন্তা করে তিনি বিমা করেন এবং নিজেকে বেশ নিরাপদও মনে করেন।

ক. প্রিমিয়াম কাকে বলে? ১

খ. সমুদ্র বিমা কেন করা হয়? ২

গ. জনাব আলফাজ কেন বিমা করেন? বর্ণনা করো। ৩

ঘ. জনাব আলফাজ বিমা করে নিজেকে নিরাপদ মনে করেন। তিনি কি সত্যিই নিরাপদ? তোমার মতামত লিখ। ৪

৬.▶ সুমন একটি নতুন ফ্যাক্টরি খুলতে চাচ্ছেন। তার বন্ধু আনিস তাকে বললেন, ব্যবসায় করতে হলে অবশ্যই ব্যবসায় পরিকল্পনা প্রণয়নের প্রক্রিয়া অনুসরণ করতে হবে। এ ক্ষেত্রে তিনি ম্যাক্রোস্ক্রিনিং ও মাইক্রোস্ক্রিনিং সম্পর্কে আলোচনা করলেন।

ক. প্রকল্প কী? ১

খ. ব্যবসায় পরিকল্পনা প্রণয়নের পদক্ষেপগুলো কী কী? ২

গ. আনিস ম্যাক্রোস্ক্রিনিং সম্পর্কে যা বলেছেন ব্যাখ্যা করো। ৩

ঘ. আনিসের মাইক্রোস্ক্রিনিং থেকে সুমন যে ধারণা লাভ করতে পারে তা ব্যাখ্যা করো। ৪

৭.▶ জনাব আলম একজন শিল্পপতি। তিনি তার ব্যবসায়ের জন্য ব্যাংক থেকে ২০ কোটি টাকা ঋণ নেন। অন্যদিকে তার বড় ভাই হালিম সাহেব তার নিজস্ব ব্যবসায়ে ৫০ কোটি টাকা বিনিয়োগ করেন। তাদের প্রতিষ্ঠিত এ সকল শিক্ষা প্রতিষ্ঠান দেশের অর্থনৈতিক উন্নয়ন ছাড়াও বিভিন্নভাবে আমাদের দেশীয় শিল্প অবকাঠামো তৈরিতে বিশেষভাবে ভূমিকা রাখে।

ক. শিল্প কী? ১

খ. উৎপাদনমুখী বৃহৎশিল্প কাকে বলে? ২

গ. উদ্দীপকে কোন শিল্পের কথা বলা হয়েছে? সে সম্পর্কে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের শিল্প দেশীয় অবকাঠামো তৈরিতে যেভাবে বিশেষ ভূমিকা রাখে তা মূল্যায়ন করো। ৪

Teachingbd.com

৮.▶ আদিব গার্মেন্টসে ২০০০ কর্মী কাজ করে। জনাব আদিব অতিরিক্ত চাপ দিয়ে শ্রমিককে কাজ করান। এতে কোম্পানির উৎপাদনের মাত্রা ব্যাপকভাবে কমে যাওয়ায় লোকসান হচ্ছে। তাই কোম্পানি নেতৃত্বের ধরন পরিবর্তনে আগ্রহ প্রকাশ করেছে।

ক. জেন্ডার সচেতনতা বলতে কী বোঝ? ১
খ. নেতৃত্বের গুণাবলির আবশ্যকতা কী? ২
গ. আদিব গার্মেন্টসে কী ধরনের নেতৃত্ব বিদ্যমান। ব্যাখ্যা করো। ৩
ঘ. আদিব গার্মেন্টসের লোকসান হ্রাসে প্রতিষ্ঠানে কীরূপ নেতৃত্ব গ্রহণ করা যেতে পারে? বিশ্লেষণ করো। ৪

৯.▶ রহিম ভালো ব্যবসা করছিল তার মনিহারি দোকানে। কিন্তু পাশে আরেকটি বড় দোকান হওয়ায় বিক্রি কম হচ্ছিল তার। তখন তিনি সিদ্ধান্ত নেন সুদর্শন, সদালাপী একজন বিক্রয় কর্মী নিয়োগের। নতুন বিক্রয় কর্মী আনায় বর্তমানে তার বিক্রয় অনেক বৃদ্ধি পেয়েছে।

ক. বিপণনের অন্যতম কাজ কী? ১
খ. কী কী দ্বারা পণ্যকে আকর্ষণীয় করা যায়? ২
গ. উত্তম বিক্রয়কর্মীর গুণাবলি কী কী? রহিম বিক্রয়কর্মী নিয়োগে কোন ধরনের বৈশিষ্ট্যের কথা বিবেচনা করেছেন? ৩
ঘ. বিক্রয় বৃদ্ধিতে রহিমের গৃহীত পদক্ষেপটি মূল্যায়ন করো। ৪

১০.▶ যুব উন্নয়ন অধিদপ্তর যুবকদের প্রশিক্ষণের ব্যবস্থা করে থাকে। যুব উন্নয়ন অধিপ্তরে প্রশিক্ষণ গ্রহণ করার মাধ্যমে বিভিন্ন কাজ করে স্বাবলম্বী হওয়া যায়। এসব কাজের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর সহজ শর্তে ঋণ প্রদান করে থাকে।

Teachingbd.com

ক. যুব উন্নয়ন অধিদপ্তর কি? ১
খ. বাণিজ্যিক ব্যাংক থেকে ঋণ প্রাপ্তির কীরূপ যোগ্যতা প্রয়োজন? ২
গ. উদ্দীপকের আলোকে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণের ভূমিকা আলোচনা করো। ৩
ঘ. 'যুব উন্নয়ন অধিদপ্তর বেকার যুবকদের কর্মসংস্থানের মাধ্যমে'- উদ্দীপকের আলোকে কথাটি বিশ্লেষণ করো। ৪

১১.▶ অতিরিক্ত মুনাফা অর্জন বা অন্য কোনো কারণেই হোক ব্যবসায় অনৈতিক কার্যকলাপ দিন দিন বেড়েই চলেছে। ভেজাল হচ্ছে ঔষধ এবং খাদ্য। ব্যবসায়ীদের এসব অনৈতিক কার্যকলাপ রোধ না করা গেলে রোগাক্রান্ত মানুষদের একটি অসুস্থ সমাজ ব্যবস্থা গড়ে উঠবে।

ক. 'ইথস' শব্দের অর্থ কী? ১
খ. ব্যবসায়ে অনৈতিক কাজ কী কী? ২
গ. নৈতিকতা কী? ব্যবসায়ে নৈতিকতার প্রয়োজন হয় কেন? ৩
ঘ. একজন ব্যবসায়ী নৈতিকতা রক্ষায় রাষ্ট্র, সমাজ ও ভোক্তার নিকট দায়বদ্ধ-উক্তিটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বিষয় কোড : | ১ | ৪ | ৩ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. কাগজি মুদ্রার প্রচলন কোন যুগ থেকে শুরু হয়?
ক প্রাচীন খ মধ্য
গ বর্তমান ঘ আধুনিক

২. কোনটি ব্যবসায়ের জন্য প্রতিকূল রাজনৈতিক উপাদান নয়?
ক হরতাল খ ধর্মঘট
গ বাণিজ্য নীতির অভাব ঘ স্থিতিশীল সরকার

৩. ব্যবসায় উদ্যোগ সহায়তা করে—
i. সঠিকভাবে ঝুঁকি পরিমাপ করতে
ii. পরিমিত ঝুঁকি নিতে
iii. ঝুঁকিমুক্তভাবে ব্যবসা করতে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৪. ব্যবসায় উদ্যোগের মাধ্যমে যেমন মানব সম্পদ উন্নয়ন হয় তেমনি— গঠন হয়।
ক কর্মী খ মূলধন
গ নতুন কর্মসংস্থান ঘ নতুন সম্পদ

৫. বাংলাদেশ অর্থনৈতিক রিভিউ ২০১১ এর পরিসংখ্যান অনুযায়ী জাতীয় অর্থনীতিতে সেবা, শিল্প ও কৃষি খাতের অবদান যথাক্রমে—
ক ২০%, ৩১% ও ৫০%
খ ৩০%, ২০% ও ৫০%
গ ৫০%, ৩০% ও ২০%
ঘ ২০%, ৫০% ও ৩০%

৬. কোন পুঁজির অভাবে বাংলাদেশের অনেক শিল্প কারখানায় উৎপাদন পূর্ণমাত্রায় হচ্ছে না?
ক স্থায়ী পুঁজি খ চলতি পুঁজি
গ নিজস্ব তহবিল ঘ ব্যবসায়িক ঋণ

৭. প্রশিক্ষণ কর্মীদের যন্ত্রপাতি ব্যবহারের ক্ষেত্রে কোনটি এড়াতে সাহায্য করে?
ক দুর্ঘটনা খ ষড়যন্ত্র
গ শ্রমিক অসন্তোষ ঘ সম্পর্কহীনতা

৮. ক, খ ও গ তিনজন মিলে একটি অংশীদারি ব্যবসায় গঠন ও পরিচালনা করে আসছে। ক এর মূলধন ১ লক্ষ টাকা খ এর মূলধন ১.৫০ লক্ষ টাকা এবং গ এর মূলধন ২ লক্ষ টাকা। কিন্তু চুক্তিপত্রে লভ্যাংশ বণ্টনের সম্পর্কে কোন উল্লেখ নেই। বছর শেষে ৬০,০০০ মুনাফা হলে ক, খ ও গ লভ্যাংশ পাবে যথাক্রমে—
ক ১০,০০০, ২০,০০০ ও ৩০,০০০ টাকা
খ তিন জনেই ২০,০০০ টাকা করে পাবে
গ ১০,০০০, ১৫,০০০, ২০,০০০ টাকা
ঘ ১০,০০০, ১৫,০০০ ও ২০,০০০ টাকা

৯. পাবলিক লি. কোম্পানির ক্ষেত্রে প্রযোজ্য—
i. সর্বনিম্ন সদস্য ৭ জন
ii. সর্বোচ্চ সদস্য সংখ্যা শেয়ার দ্বারা সীমাবদ্ধ
iii. সর্বোচ্চ সদস্য সংখ্যা ৫০০ জন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১০. সর্বপ্রথম সমবায় আন্দোলনের সূচনা হয় G 7 ভুক্ত একটি উন্নত দেশে। দেশটির নাম কী?
ক রাশিয়া খ আমেরিকা
গ জাপান ঘ ফ্রান্স

১১. কম্পিউটার সফটওয়্যার আবিষ্কার কোনটি দ্বারা সংরক্ষণ করা যায়?
ক পেটেন্ট খ পণ্য প্রতীক
গ ট্রেডমার্ক ঘ কপিরাইট

১২. খুলনা বিভাগের মোট জেলার সংখ্যা কয়টি?
ক ৮টি খ ১০টি
গ ১১টি ঘ ১৭টি

১৩. চামড়া শিল্পে রপ্তানি বৃদ্ধিকল্পে সরকার ৫% নগদ সহায়তা ঘোষণা করেছে বর্তমান অর্থ বছরে এটি কোন ধরনের সহায়তা?
ক সমর্থনমূলক সহায়তা
খ উদ্দীপনামূলক
গ সংরক্ষণমূলক
ঘ নীতি সহায়তা

১৪. মাইডাস কোন ধরনের প্রতিষ্ঠান?
ক Banking Organization
খ Non Banking Organization
গ ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠান
ঘ অংশীদারি প্রতিষ্ঠান

১৫. দরিদ্র পরিবারের সন্তানদের উচ্চ শিক্ষার পথ সুগম করার জন্য বিভিন্ন ব্যাংক কর্তৃক কৃতী শিক্ষার্থীদের মেধা বৃত্তি প্রদান ব্যাংকের কোন ধরনের দায়িত্ব?
ক রুটিন ওয়ার্ক
খ ব্যবসায়িক দায়বদ্ধতা
গ সামাজিক দায়বদ্ধতা
ঘ শ্রেণিবদ্ধকরণ দায়বদ্ধতা

Teachingbd.com

১৬. **DBBL কত সালে কার্যক্রম শুরু করে?**
ⓚ ২০১০ সালের ৩ রা জানুয়ারি
ⓚ ২০১২ সালের ৩ রা জানুয়ারি
ⓖ ২০১৪ সালের ৩ রা জানুয়ারি
ⓖ ২০১৫ সালের ৩ রা জানুয়ারি

১৭. **একটি কোম্পানি প্রকৃত পক্ষে জন্মলাভ করে কখন?**
ক) নিবন্ধনপত্র পাওয়ার পূর্বে
খ) নিবন্ধন পত্র পাওয়ার সজ্ঞে সজ্ঞে
গ) নিবন্ধনপত্র জমা দেওয়ার সজ্ঞে সজ্ঞে
ঘ) নিবন্ধন ফি জমা দেওয়ার পর

**উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও।**

সবুজ সাহেব তার প্রতিষ্ঠানে সোবহান নামক একজন কর্মচারী নিয়োগ দেন। কিন্তু অল্প কিছুদিন পরেই ক্রেতারা তার সম্পর্কে অভিযোগ দেন। তখন সবুজ সাহেব তাকে ডেকে প্রয়োজনীয় পরামর্শ দিলেন এবং সে তার ভুল বুঝতে পারল।

১৮. **উদ্দীপকে সবুজ সাহেবের কাজটিকে কোন পর্যায়ের অন্তর্ভুক্ত করা যাবে?**
ক) পরিকল্পনা প্রণয়ন  খ) সংগঠিতকরণ
গ) নিয়ন্ত্রণ  ঘ) প্রেষণা দান

১৯. **আদর্শ ব্যবসায়ী হিসেবে সবুজ সাহেবের কাজ হলো—**
i. কর্মীদের পরিচালনা করা
ii. কর্মীদের উৎসাহিত করা
iii. কর্মীদের মধ্যে সমন্বয় সাধন করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২০. **একটি সুষম ব্যবস্থায় পরিকল্পনায় কতটি গাইড লাইন অনুসরণ করতে হয়?**
ক) ৫টি  খ) ৬টি
গ) ৮টি  ঘ) ৭টি

২১. **মিতা ১,০০,০০০ টাকা পুঁজি নিয়ে ঢাকার নিউ মার্কেটে একটি বিউটি পার্লার চালু করেছে। মিতার ব্যবসায়টি ব্যবসায়ের কোন শাখার অন্তর্ভুক্ত?**
ক) উৎপাদন শিল্প  খ) সেবা শিল্প
গ) নির্মাণ শিল্প  ঘ) প্রজনন শিল্প

২২. **উৎপাদনমুখী ক্ষুদ্র শিল্পে সর্বোচ্চ কতজন শ্রমিক কাজ করে?**
ক) ৬৬ জন  খ) ৭৭ জন
গ) ৮৮ জন  ঘ) ৯৯ জন

২৩. **প্রেষণার ফলে—**
i. কর্মীরা আগ্রহ নিয়ে দায়িত্ব পালনে উদ্বুদ্ধ হয়
ii. কর্মীরা মানসম্মত কাজ সম্পাদনে সক্ষম হয়
iii. চাকরির নিরাপত্তা অনুভব করে বিধায় কাজে অমনোযোগী হয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২৪. **কর্মীর প্রশ্নের জবাব দেন কোন নেতা?**
ক) আমলাতান্ত্রিক  খ) গণতান্ত্রিক
গ) মুক্ত  ঘ) স্বৈরতান্ত্রিক

২৫. **প্রমিতকরণের ফলে—**
i. পণ্যের মান নির্ধারণ হয়
ii. বিপণন প্রক্রিয়া সহজ হয়
iii. বিক্রয় কার্যে গতিশীলতা বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২৬. **বিপণনের গুরুত্বপূর্ণ কাজ কী?**
ক) ভোক্তা বিশ্লেষণ  খ) তথ্য সংগ্রহ
গ) পরিবহন  ঘ) গুদামজাতকরণ

২৭. **নিচের কোনটির সাথে ঝুঁকি জড়িত?**
ক) ব্যাংকে অর্থ সঞ্চয় করা
খ) শিল্প স্থাপন
গ) বিমা করা
ঘ) নাটক করা

২৮. **ফরমালিনযুক্ত মাছ ও ফলমূল বিক্রি করা কোন ধরনের কাজ?**
ক) অর্থনৈতিক কাজ  খ) অযৌক্তিক
গ) স্বার্থপর  ঘ) অমানবিক

২৯. **স্কয়ার হাসপাতালের প্রতিষ্ঠাতা কে?**
ক) জহুরুল ইসলাম
খ) নায়েব আলী
গ) স্যামসন এইচ চৌধুরী
ঘ) আবুল কালাম আজাদ

৩০. **আমাদের দেশে সামগ্রিক উন্নয়নে শিল্পের অবদান কেমন?**
ক) খুব উজ্জ্বল
খ) তেমন উজ্জ্বল নয়
গ) খুব ভালো
ঘ) তেমন ভালো নয়

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ঘ | ৩ | ক | ৪ | খ | ৫ | গ | ৬ | খ | ৭ | ক | ৮ | খ | ৯ | ক | ১০ | গ | ১১ | ক | ১২ | খ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | গ |
| ১৬ | ক | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | খ |

Teachingbd.com